

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 09-02-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Business Conclave 2025-CM :**

আগরতলায় অনুষ্ঠিত দুদিনব্যাপী বিজনেস কনক্লেভে বিনিয়োগকারীগণ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সঙ্গে ৮৭টি সমঝোতাপত্র স্বাক্ষর করেছেন। এতে বিনিয়োগকারীরা রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে প্রায় ৩৮০০ কোটি টাকা বিনিয়োগ করবেন।

ডেস্টিনেশন ত্রিপুরা-ল্যান্ড অব অপারচুনিটিজ: বিজনেস কনক্লেভ-২০২৫-এর শেষ দিনের অনুষ্ঠানে অংশ গ্রহণ করে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, আমাদের রাজ্য রাবার, বাঁশ, প্রাকৃতিক গ্যাস, চা সহ বিভিন্ন প্রাকৃতিক সম্পদে ভরপুর। এই প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে রাজ্যে শিল্প স্থাপনের বিপুল সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, এই কনক্লেভের উদ্দেশ্য হল শিল্পোদ্যোগী ও বিনিয়োগকারীদের আরো বেশি করে পারস্পারিক সহযোগিতা এবং অংশগ্রহণের মাধ্যমে রাজ্যে একটি শিল্প সহায়ক পরিবেশ তৈরী করা। রাজ্যের প্রাকৃতিক সম্পদ এবং রাজ্য সরকারের শিল্প বান্ধব নীতিগুলোর সহায়তায় দেশ বিদেশের বিনিয়োগকারীরা রাজ্যে শিল্প স্থাপনে এগিয়ে আসবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*

**IMA Conference :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার চিকিৎসা পরিকাঠামোর উন্নতির জন্য সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যে আরো একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল আগরতলায় সুকান্ত

একাডেমিতে আই এম এ ত্রিপুরা শাখার আয়োজিত অল ত্রিপুরা মেডিকেল কনফারেন্সের উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। তিনি হাসপাতালগুলিতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের যথাযথ দায়িত্ব নিয়ে কাজ করতে পরামর্শ দেন। বক্তব্য রাখেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সৌমিত্র মল্লিক, IMA ত্রিপুরা শাখার সভাপতি ডা সঞ্জীব কুমার দেববর্মা, সম্পাদক ডাঃ বাসব ঘোষ। অনুষ্ঠানে আট জন প্রবীন চিকিৎসককে সংবর্ধনা প্রদান করা হয়

\*\*\*\*\*

#### Parikhsha Pe Charcha :

পরীক্ষা পে চর্চা আগামীকাল অনুষ্ঠিত হতে চলেছে নয়াদিল্লিতে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, ১০ ফেব্রুয়ারি বেলা ১১টায় এই অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং শিক্ষক-শিক্ষিকাদের সাথে মত বিনিময় করবেন। পরীক্ষার আগে শিক্ষার্থীদের প্রস্তুতি, মানসিক চাপ প্রশমন এবং ব্যক্তি বিকাশের জন্য তিনি বিশেষ পরামর্শ দেবেন।

এবারের এই অনুষ্ঠানে, ভিন্ন ভিন্ন ক্ষেত্রের খ্যাতনামা ব্যক্তিত্বরূপ, এই অনুষ্ঠানে অংশ নিয়ে জীবন ও কৃতিত্ব সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা, পরামর্শ ও জ্ঞান ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরবেন।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রীধর্মেন্দ্র প্রধান দেশের সকল প্রান্তের ছাত্রছাত্রীদের উদ্দেশে 'পরীক্ষা পে চর্চার ৮ম সংস্করণে অংশ নেবার আহ্বান জানিয়ে বলেছেন ,সকলের সহযোগিতা ও অংশগ্রহণের মাধ্যমে নতুন প্রজন্ম ও শিক্ষার্থীদের কাছে এই অনুষ্ঠান জনপ্রিয় ও বহু আকাঙ্ক্ষিত কার্যক্রমে পরিণত হয়েছে ।

Byte 1 -মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান

পরীক্ষা পে চর্চা অনুষ্ঠান দেখার জন্য ও অংশ নিতে সারা দেশের সাথে, রাজ্যের ছাত্র ছাত্রী ও-শিক্ষক মন্ডলীরাও প্রস্তুত হচ্ছেন। গত বছরের পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে অংশ নিয়েছিল

আগরতলার প্রণবানন্দ বিদ্যামন্দিরের ছাত্রী আদৃজা চক্রবর্তী।  
আকাশবাণীর সাথে সাক্ষাৎকারে আদৃজা সকল শিক্ষার্থীদেরকে এই  
অনুষ্ঠান দেখার ও অংশ নেবার আহ্বান জানায়।

Byte 2- আদৃজা

'পরীক্ষা পে চর্চা ২০২৫"-অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের যোগদানের  
আহ্বান জানান বিশালগড় দ্বাদশ স্কুলের শিক্ষক বিশুকুমার  
জামাতিয়া -

Byte 3 ( শিক্ষক বিশু কুমার জামাতিয়া )

\*\*\*\*\*

**TBSE-Admit :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এ বছরের মাধ্যমিক,  
উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফাজিল থিওলজি  
পরীক্ষার্থীদের এডমিট কার্ড আগামীকাল ১০ই ফেব্রুয়ারী  
মধ্যশিক্ষা পর্ষদ কার্যালয় থেকে সংশ্লিষ্ট সমস্ত স্কুল কর্তৃপক্ষের  
কাছে প্রদান করা হবে। পর্ষদ সচিব দুলাল দে এক বিজ্ঞপ্তিতে  
একথা জানিয়েছেন।

\*\*\*\*\*

**Press Meet-TECC :**

ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি (এইচ বি রোড) পক্ষ থেকে ১০  
দফা প্রস্তাব সম্বলিত একটি স্মারকলিপি মুখ্য সচিবের মাধ্যমে  
ষোড়শ অর্থ কমিশনের কাছে প্রদান করা হয়েছে। সংগঠনের  
সাধারণ সম্পাদিকা মল্লুয়া কর গতকাল আগরতলায় এক  
সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, স্মারকলিপিতে  
উল্লেখযোগ্য প্রস্তাবগুলির মধ্যে রয়েছে রাজ্যে অনিয়মিত  
কর্মচারীদের নিয়মিত করন, সর্বশিক্ষা অভিযান ও রাষ্ট্রীয়  
মাধ্যমিক শিক্ষা অভিযানে নিয়োজিত শিক্ষকদের নিয়মিত স্কেল  
প্রদান, নিয়মিত পদে ফিল্ড পে কর্মচারীদের বঞ্চনার অবসান,

শূন্যপদ পূরণ, বকেয়া মহার্ঘ্য ভাতা প্রদান ও মহার্ঘ্য রিলিফ প্রদান। তাছাড়া অন্যান্য প্রস্তাবগুলির মধ্যে রয়েছে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের শিক্ষক কর্মচারীদের বেতন বৈষম্য দূরীকরণ, কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের মতো রাজ্য সরকারি কর্মচারীদের স্বাস্থ্য বীমা চালু করা, এডিসিতে উন্নয়ন খাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ করা।

\*\*\*\*\*

## জাতীয় গেমস:

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ২৫৭টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৩৯টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*